যুগান্তর

10 FEB 2016
তারিখ ...12 FEB 2016...
পৃষ্ঠা ...৮... কলাম ...৬...

# প্রাইভেট না পড়ায় শিক্ষার্থীদের বই কেড়ে নিলেন শিক্ষকরা!

**নওগাঁ প্রতিনিধি**

প্রাইভেট না পড়ায় নওগাঁর মান্দা উপজেলার মৈনম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ২০ শিক্ষার্থীর বই কেড়ে নিয়েছেন শিক্ষকরা। এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে উঠেছে অভিভাবকমহল ও এলাকাবাসী। প্রতিবাদে মঙ্গলবার বিদ্যালয় সংলগ্ন রাস্তায় মৈনম সচেতন নাগরিক সমাজের ব্যানারে মানববন্ধন ও সমাবেশ করেছে অভিভাবকরা। সমাবেশ থেকে ওই বিদ্যালয়ের সব শিক্ষকের অপসারণের দাবি জানানো হয়েছে। শিক্ষার্থী অভিভাবক ও.স্থানীয়রা জানান, বিদ্যালয়ের শিক্ষকদের কাছে প্রাইভেট না পড়ায় পঞ্চম শ্রেণীর ২০ শিক্ষার্থীর পাঠ্যবই সোমবার কেড়ে নেন প্রধান শিক্ষক আনজু আরা খানম। এ ঘটনায় শিক্ষার্থীরা বাড়ি ফিরে কান্নাকাটি শুরু করে। অভিভাবকসহ স্থানীয়দের মাঝে এ ঘটনায় চরম ক্ষোভের সৃষ্টি হয়। স্থানীয়রা একত্রিত হয়ে ওইদিন বিদ্যালয়ে গিয়ে ঘটনার প্রতিবাদ জানালে কেড়ে নেয়া বই ফেরত দেন শিক্ষকরা। অভিভাবক সুকুমার চন্দ্র ঘোষ, ফজলুর রহমান মোল্লা, আবদুল খালেক, জাহাঙ্গীর আলমসহ অনেকে অভিযোগ করে বলেন, বিদ্যালয়ের সহকারী শিক্ষক এমদাদুল হক ও শিক্ষক রানার কাছে প্রাইভেট পড়ার জন্য চাপ দিয়ে আসছিলেন প্রধান শিক্ষক আনজু আরা খানম। কিন্তু তা না করে অভিভাবকরা ছেলে-মেয়েদের অন্যত্র প্রাইভেট পড়ার ব্যবস্থা করেন। এতে প্রধান শিক্ষক আনজু আরা ক্ষুব্ধ হয়ে শিক্ষার্থীদের বইগুলো কেড়ে নেন। সমাবেশে বক্তব্য রাখেন মীর সুজন আলী, হাসান রিপু, ম্যানেজিং কমিটির সদস্য শফিকুল ইসলাম মুকুল, গৌতম চন্দ্র ঘোষ প্রমুখ। সংবাদ পেয়ে ঘটনাস্থলে যান উপজেলা চেয়ারম্যান আবদুর রশিদ, ইউএনও সাইফুর রহমান খান, উপজেলা শিক্ষা কর্মকর্তা মোখলেছুর রহমান, সহকারী শিক্ষা কর্মকর্তা শরিফুল ইসলাম ও রেজাউল করিম, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক রেজাউল করিমসহ উপজেলার কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। স্থানীয়দের দাবির মুখে ওই বিদ্যালয়ের শিক্ষকদের দ্রুত বদলির আশ্বাস প্রদান করা হলে পরবর্তী কর্মসূচি স্থগিত করে সচেতন নাগরিক সমাজের নেতারা। উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুর রহমান খান বলেন, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক।